# বাংলাদেশ কৃষি ব্যাংক

## আঞ্চলিক কার্যালয়,বান্দরবান

***জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক কার্যালয়, বান্দরবান এর "নৈতিকতা কমিটি"র ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।***

জাতীয় শুদ্ধাচার কৌশল এর আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক কার্যালয়, বান্দরবান এ গঠিত নৈতিকতা কমিটির ২০২০-২০২১ অর্থ বছরের ২য় সভা আঞ্চলিক ব্যবস্থাপক জনাব ভূপতি রঞ্জন দাস এর সভাপতিত্বে ২৪.১২-২০২০ইং সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেনঃ-

(ক) জনাব সুব্রত ত্রিপুরা, আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বান্দরনবান ও সদস্য।
(খ) জনাব সুবিমল দাশ , উর্দ্ধতন কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক কার্যালয়, বান্দরবান ও সদস্য-সচিব এবং শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা।
(গ) জনাব কার্তিক কুমার ধর, কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক কার্যালয়, বান্দরবান ও উপস্থাপনকারী।

০২। ব্যক্তিগত, কর্মক্ষেত্র ও জাতীয় জীবনের বিভিন্ন পর্যায়ে শুদ্ধাচার চর্চার গুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, যে কোন প্রতিষ্ঠানের উন্নতির জন্য শুদ্ধাচার চর্চার বিকল্প নেই। দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠা, সততা, সময়ানুবর্তিতা, আইনের প্রতি আনুগত্যতা তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ের সু-সমন্বয় প্রয়োজন। সুশাসন নিশ্চিতকরণে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি অভিমত ব্যক্ত করেন। তিনি আরো বলেন, পরিবার, সমাজ, কর্মক্ষেত্র, রাষ্ট্র তথা জীবনের প্রতিটি অংশ থেকে ব্যক্তি শুদ্ধাচারের শিক্ষা অর্জন করে তা বাস্তবজীবনে প্রয়োগের মাধ্যমে সামগ্রিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হয়। ব্যাংকিং খাতে নানামুখী দূর্নীতি পরিলক্ষিত হওয়ায় শুদ্ধাচার কৌশল প্রনয়ন ও বাস্তবায়নের সময়োপযোগী পদক্ষেপ। ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত নৈতিকতা ও কর্তব্যনিষ্ঠার দ্বারা প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে দূর্নীতিমুক্ত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানিয়ে তিনি সভার শুরু করেন।

০৩। সভার শুরুতে উপস্থাপনকারী কর্মকর্তা জনাব কার্তিক কুমার ধর বিগত সভার সিদ্ধান্তে বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরেন। যার বিবরণ নিম্নরূপ ঃ

(০১) যথাসময়ে সভার আয়োজন এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে।
(০২) শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন ও ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।
(০৩) অধীনস্থ শাখা সমূহকে সুশাসন বিষয়ক নির্দেশনা পত্র মারফত অবহিত করা হয়েছে।
(০৪) শাখার অভিযোগ বক্সে প্রাপ্ত অভিযোগ নিস্পত্তিকরন সহ নির্বাহীগণ ওবাংলাদেশ ব্যাংকের হটলাইন নম্বর দৃশ্যমান স্থানে স্থাপন করা হয়েছে।
(০৫) বিদ্যমান সকল পলিসি এবং ম্যানুয়েল মেনে শাখায় ঋণ বিতরণ করা হচ্ছে।
(০৬) অংশীজনের অংশগ্রহনের সভা গত ২৩.১২.২০২০ইং তারিখ বিকাল ৫.০০ ঘটিকায় বিকেবি রোয়াংছড়ি শাখায় করা হয়েছে।

০৪। আলোচ্যসূচী মোতাবেক সকল বিষয়ে বিস্তারিত আলোচনা হয়, যার বিবরন নিম্নরূপ ঃ

| সূচী নং | বিষয়বস্তু | আলোচনার বিবরন | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | কোভিড-১৯ মোকাবেলায় স্বাস্থ্যবিধি মেনে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা | করোনা ভাইরাস এর সংক্রমন রোধে স্বাস্থ্যবিধি মেনে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা ও জনসচেতনতামূলক বিভিন্ন পোষ্টার টাঙ্গানো প্রয়োজন। | শাখায় স্বাস্থ্যবিধি মেনে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে হবে। এবং নো মাস্ক নো সার্ভিস লেখা পোষ্টার টাঙ্গাতে হবে। | শাখা ব্যবস্থাপক |
| ০২ | ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রনয়ন ও ওয়েব সাইটে আপলোড করন। | ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রনয়নকরে তা ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। | আগামী ৩০.১২.২০২০ এর মধ্যে অঞ্চলের ২য় ত্রৈমাসিকের প্রতিবেদন ওয়েব সাইটে আপলোড করার নির্দেশনা দেয়া হয়। | জনাব কার্তিক কুমার ধর, কর্মকর্তা |
| ০৩ | শুদ্ধাচার চর্চার বিষয়ে অধিনস্ত শাখাসমূহে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান। | ঋন আদায়-বিতরনসহ সকল ক্ষেত্রেই অঞ্চলাধীন প্রতিটি শাখার কর্মকর্তা ও কর্মচারীগনকে শুদ্ধাচারের বিষয়টি অবহিত করা হয়েছে এবং তাদেরকে তা পরিপালন করাসহ এবং ব্যাংকের সকল গনসচেতনতা মূলক পোষ্টার শাখায় টাঙ্গানোর জন্য বলা হয়েছে। | প্রতিটি শাখা যেন নির্দেশনা পরিপালন করে তা নিশ্চিত করতে হবে। | সদস্য-সচিব এবং শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |

ক্রমশ: ২য় পাতা

| সূচী নং | বিষয়বস্তু | আলোচনার বিবরন | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৪ | বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীগনের বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগ | দায়িত্ব পালনকারী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, বর্তমানে কোন অভিযোগ পাওয়া যায়নি। পূর্বের কোন অমিমাংসিত কোন অভিযোগ আঞ্চলিক কার্যালয়ে নেই বলেও জানান। | যে কোন অভিযোগ পাওয়া গেলে স্বচ্ছতা ও সততার সাথে দ্রুত ব্যবস্থা গ্রহনের করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| ০৫ | কম্পিউটারাইজেশনের অগ্রগতি পর্যালোচনা। | সেপ্টেম্বর-ডিসেম্বর'২০২০ ত্রৈমাসিকে অঞ্চলাধীণ আরো ৫টি শাখা অনলাইনে পরিচালিত হচ্ছে, ফলে অঞ্চলাধীন ৯টি শাখার মধ্যে ৭টি শাখাই অনলাইলে চলছে। বাকী ২টি শাখাকেও অনলাইনে নেবার প্রক্রিয়া অব্যাহত রয়েছে।<br><br>সুষ্ঠ ও সুচারুরূপে শাখা পরিচালনার জন্য সকল শাখায় কম্পিউটার সামগ্রি যথাযথ সরবরাহ নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | অঞ্চলাধীন সকল শাখাকে অনলাইনে পরিচালিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্ত শাখা সহ উর্ধ্বতন কার্যালয়ের সহিত নিয়মিত যোগাযোগ রাখতে হবে।<br>শাখাকে প্রয়োজনীয় কম্পিউটার ও আনুসাঙ্গিক যন্ত্রপাতি সরবরাহ করার ব্যবস্থা গ্রহন করতে হবে। | জনাব কার্তিক কুমার ধর, কর্মকর্তা |
| ০৬ | অভিযোগ বাক্স স্থাপন | শাখার যেকোন ধরনের অনিয়মের বিরুদ্ধে অভিযোগ প্রেরনের জন্য শাখায় একখানা অভিযোগ বাক্স একান্ত জরুরী। কিন্তু কয়েকটি শাখায় এখনও অভিযোগ বাক্স স্থাপন করা হয়নি, যা দঃখজনক। সে সকল শাখাকে আগামী ১৫ দিনের মধ্যে অভিযোগ বাক্স স্থাপনের নির্দেশ প্রদান করা প্রয়োজন। | যে সকল শাখায় এখনও অভিযোগ বাক্স স্থাপন করা হয়নি, সে সকল শাখাকে আগামী ৩০-১২-২০২০ তারিখের মধ্যে অভিযোগ বাক্স স্থাপনের নির্দেশ প্রদান করতে হবে। | ----- |
| ০৭ | গন শুনানীর আয়োজন | শুদ্ধাচরের অন্যতম উপাদান অংশীজনের ও সেবা গ্রহীতাদের মতামত গ্রহন। এ ক্ষেত্রে গন শুনানী একটি অত্যন্ত কার্যকরী কৌশল যা অত্র ব্যাংকের মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় গত ২৪.০৯.২০২০ ভিডিও কনফারেন্স (ভার্চুয়েল মিটিং) এর মাধ্যমে করেন। বিয়য়টি ব্যাপকভাবে প্রশংসিত হয়েছে এবং সকলের জন্য অনুকরনীয়। | বিকেবি বান্দরবান শাখায় ৩০.০৯.২০২০খ্রিঃ তারিখে অনুষ্ঠিত এবং বিকেবি রোয়াংছড়ি শাখায় ২৩.১২.২০২০ তারিখে অনুষ্ঠিত গনশুনানীর ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | শাখাসমূহ |
| ০৮ | বিবিধ | পরবর্তি মিটিং আয়োজন। ২০২০-২০২১ অর্থবছরে শুদ্ধচার কর্মপরিকল্পনার বাস্তবায়নে ১ম ত্রৈমাসিকের অগ্রগতি যথাসময়ে ওয়েবসাইটে আপলোড করা । অত্র সভার কার্যবিবরনী ওয়েবসাইটে আপলোড করা | পরবর্তি মিটিং যথাসময়ে মধ্যে আয়োজন করতে হবে। ২০২০-২০২১ অর্থবছরে শুদ্ধচার কর্মপরিকল্পনার বাস্তবায়নে ২য় ত্রৈমাসিকের অগ্রগতি যথাসময়ে ওয়েবসাইটে আপলোড করতে হবে । অত্র সভার কার্যবিবরনী ওয়েবসাইটে জরুরী ভিত্তিতে আপলোড করতে হবে। | সদস্য-সচিব এবং শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |

ক্রমশ : ৩য় পাতা।

চ) সার্বিকভাবে দেশের অর্থনিতির উন্নয়নের স্বার্থে সরকার কর্তৃক ঘোষিত বিশেষ প্রনোদনার আওতায় ( এসিডি-০১, এসিডি-০২, এসএমইপিডি-০১) অগ্রাধিরকার ভিত্তিতে ঋণ বিতরন বৃদ্ধি জোরদার করারসহ প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়ের শুদ্ধাচার কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নে বিশেষ গুরুত্ব প্রদান করতে হবে।

ছ) " নো মাস্ক নো সার্ভিস " বিষয়টি গুরুত্ব সহকারে প্রচার ও পরিপালন করতে হবে।

জ) বৈদেশিক রেমিট্যান্স গ্রহিতাদের প্রণোদনা সহ ব্যাংকের অন্যান্য সেবা সমূহ সম্মানিত গ্রাহকগণকে অবহিত করতে হবে।

সভাপতি মহোদয় সভায় গৃহীত উপরোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ এবং উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।

| | | | |
|---|---|---|---|
| (কার্তিক কুমার ধর)<br>কর্মকর্তা<br>বিকেবি, আঞ্চলিক কার্যালয়, বান্দরবান<br>ও<br>উপস্থাপনকারী | ( সুবিমল দাশ )<br>উর্ধ্বতন কর্মকর্তা<br>বিকেবি, আঞ্চলিক কার্যালয় বান্দরবান<br>ও<br>সদস্য-সচিব এবং শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকতা | (সুব্রত ত্রিপুরা)<br>আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা<br>বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় বান্দরবান<br>ও<br>সদস্য | ( ভূপতি রঞ্জন দাস)<br>আঞ্চলিক ব্যবস্থাপক<br>বিকেবি, আঞ্চলিক কার্যালয় বান্দরবান<br>ও<br>সভাপতি |

---

সূত্র নং-প্রশা-আরএম(বিবান)/শুদ্ধাচার-০১/২০২০-২০২১/ ৭৫৮

তারিখ ঃ ২৪.১২.২০২০ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

০১। স্টাফ অফিসার , মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম।
০২। উপ-মহাব্যবস্থপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। উপমহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, চট্টগ্রাম।
০৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বান্দরবান।
০৫। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, বান্দরবান অঞ্চল।
০৬। বিকেবি, ওয়েব সাইড।

( সুবিমল দাশ )
উর্ধতন কর্মকর্তা